# মির্জা ফখরুলকে রাষ্ট্রপতি ঘোষণা করে ইসির প্রজ্ঞাপন



নবনিযুক্ত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপির মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে দেশের ২৩তম রাষ্ট্রপতি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে নির্বাচন কমিশন (ইসি)। বৃহস্পতিবার (২০ আগস্ট) রাষ্ট্রপতি নির্বাচনের ফল প্রকাশের প্রায় দেড় ঘণ্টা পর এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ করা হয়। এতে স্বাক্ষর করেন ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। প্রজ্ঞাপনে রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১ এবং রাষ্ট্রপতি নির্বাচন বিধিমালা, ১৯৯১-এর সংশ্লিষ্ট বিধানের কথা উল্লেখ করা হয়েছে। নির্বাচনী কর্তা ও নির্বাচন কমিশনারের ঘোষণার ভিত্তিতে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত ঘোষণা করা হয়েছে বলে এতে জানানো হয়।

এর আগে বৃহস্পতিবার দুপুর ২টায় জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়। চলে বিকেল ৫টা পর্যন্ত। নির্বাচনে মোট ভোটার ছিলেন ৩৪৯ জন সংসদ সদস্য। এর মধ্যে ভোট দিয়েছেন ৩৪৩ জন।

LENS ASIA

ভোট গণনা শেষে মির্জা ফখরুল ইসলাম আলমগীর পেয়েছেন ২৫৫ ভোট। তার প্রতিদ্বন্দ্বী কর্নেল (অব.) অলি আহমদ পেয়েছেন ৮৮ ভোট।

ফলাফল ঘোষণার পরই মির্জা ফখরুলকে দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত করা হয়। পরে নির্বাচনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে ইসির পক্ষ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।